

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৭২

সোনামুড়া, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

সোনামুড়ায় রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টসের হকি প্রতিযোগিতা শুরু

তিনদিন ব্যাপী রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টসের অনুর্দ্ধ ১৭ (পার্ট-৮) বয়স্ক বালক গুপ্তের হকি প্রতিযোগিতা গতকাল থেকে সোনামুড়া মহকুমা এলাকার কুলুবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে শুরু হয়েছে। তা চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত। সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানের ক্রীড়া প্রতাকা উত্তোলন করে উদ্বোধন করেন সিপাহীজিলা জিলা পরিষদের সভাপতিতি সুপ্রিয়া দাস দত্ত। উদ্বোধনী ভাষণে তিনি খেলাধুলার মানোন্নয়ন, নেশামুক্ত সমাজ গঠন, লেখা-পড়ার পাশাপাশি যুবক যুবতীদের ক্রীড়ামুখী করে তোলা ইত্যাদি বিষয়ে বর্তমান সরকারের বিভিন্ন প্রয়াসের কথাগুলো তুলে ধরেন। অনুষ্ঠানে এছাড়া আলোচনা করেন সিপাহীজিলা জিলা পরিষদের সদস্য প্রসেনজিত ঘোষ। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজিলা জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উপঅধিকর্তা সমীর দবৰমা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভানেত্রী তথা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপ্না নমঃ। অনুষ্ঠানে সিপাহীজিলা জিলা পরিষদের সদস্য সঞ্চয় সরকার, সোনামুড়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মির্ণা সহ বক্সনগর ব্লকের পঞ্চায়েত সমিতির অন্যান্য সদস্যগণ এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মোট ৭টি দলের হকি খেলোয়াড়রা এই হকি প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।
